

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-ওএম-৬০(সি-১)/১০/৭৩২

তারিখঃ ২৪/০১/২০১২খ্রি.

বিষয় : প্রভাষক হতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য প্রয়োজনীয় তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের প্রভাষক পর্যায়ের কর্মকর্তাগণ যারা আগস্ট-২০১১ এ সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন (২৩ জানুয়ারী-২০১২ তারিখ এ প্রকাশিত বাংলাদেশ গেজেট অনুযায়ী) এবং সহকারী অধ্যাপক পদে পদোন্নতির যোগ্য হয়েছেন, তাদের নিম্নে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে প্রয়োজনীয় তথ্য প্রেরণ করার জন্য আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :

- ০১। প্রভাষক পদে চাকুরীর মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়া;
- ০২। চাকুরী স্থায়ী হওয়া;
- ০৩। সিনিয়র স্কেল পরীক্ষার তিনটি পত্রে উত্তীর্ণ হওয়া অথবা সিনিয়র স্কেল পরীক্ষায় অংশগ্রহণ করেছেন এবং ক্যাডারে চাকুরীর মেয়াদ ১৫ (পনের) বছর পূর্ণ হয়েছে অথবা সিনিয়র স্কেল পরীক্ষায় অংশগ্রহণ করেননি এমন কর্মকর্তার ক্ষেত্রে বয়স ৫০ (পঞ্চাশ) বছর পূর্ণ হওয়া;
- ০৪। আত্মীকরণ বিধিমালা-২০০০ এর অধীনে আত্মীকৃত শিক্ষকগণের ক্ষেত্রে চাকুরী নিয়মিতকরণের আদেশ প্রদানের তারিখ হতে ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়া;

যে সকল কর্মকর্তা উপর্যুক্ত শর্তাবলী পূরণ করেছেন, সে সকল কর্মকর্তাগণকে আগামী ০২/০২/২০১২তারিখের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে সরাসরি অথবা বাহক মারফত সকল কাগজপত্রের সত্যায়িত ফটোকপি সহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলী :

- (ক) নিয়োগ ও পদায়ন গেজেটের সত্যায়িত ফটোকপি;
- (খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার গেজেটের সত্যায়িত ফটোকপি (প্রবেশপত্র সহ);
- (গ) স্থায়ীকরণ আদেশের সত্যায়িত ফটোকপি;
- (ঘ) সিনিয়র স্কেল পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার গেজেটের সত্যায়িত ফটোকপি (প্রবেশপত্র সহ);
- (ঙ) সিনিয়র স্কেল পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি (চাকুরীর মেয়াদ ১৫ বছর পূর্তির ক্ষেত্রে);
- (চ) নিয়মিতকরণের আদেশ (আত্মীকৃত শিক্ষকদের ক্ষেত্রে);
- (ছ) বুনিয়াদী প্রশিক্ষণ ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি।

স্বাঃ


(প্রফেসর মোঃ নোমান উর রশীদ-৮০৪৫)
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-ওএম-৬০(সি-১)/১০/৭৩২(০২)

তারিখঃ ২৪/০১/২০১২খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ০৪। পরিচালক (ক ও প্র/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ, মাউশি অধিদপ্তর, ঢাকা);
- ০৫। চেয়ারম্যান, সকল শিক্ষা বোর্ড-----;
- ০৬। চেয়ারম্যান, এনসিটিবি, বাংলাদেশ, ঢাকা;
- ০৭। চেয়ারম্যান, এনটিআরসিএ, বাংলাদেশ, ঢাকা;
- ০৮। অধ্যক্ষ, সাধারণ কলেজ সমূহ/গভঃ কর্মশিয়াল ইনস্টিটিউট/আলীয়া মাদ্রাসা/এইচটিটিআই/শিক্ষক প্রশিক্ষণ কলেজ।
- ০৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, মাউশি অধিদপ্তর (পত্রটি মাউশি ওয়েব সাইটে দেয়ার অনুরোধ সহ)।


(অদ্বৈত কুমার রায়-৬৭৬১)
সহকারী পরিচালক (কলেজ-১)
ফোন : ৯৫৫৮৯০৮